

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-৪ অধিশাখা।

নং-৪৫.১৪৫.০১৫.০০.০০.০০৩.২০১২-৪৫৯

তারিখঃ ২২-১০-২০১২ খ্রিঃ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “এষ্টাবলিশমেন্ট অব ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি ইন ঢাকা (ফার্স্ট ফেইজ)”
প্রকল্পের বিভিন্ন ক্যাটাগরীর রাজস্বখাতে অস্থায়ীভাবে পদ সৃজন।

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “এষ্টাবলিশমেন্ট অব ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি ইন ঢাকা (ফার্স্ট ফেইজ)” প্রকল্পের জন্য ১১৪টি (তন্মধ্যে ৩৬টি পদ আউট সোর্সিং এর মাধ্যমে) পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

পদগুলো নিম্নরূপঃ

ক্রমিক নং	পদের নাম ও পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল/০৯	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪
১	বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার-১টি	টা: ১১০০০-২০৩৭০/- (৯ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী সরাসরি: (ক) সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রতিষ্ঠান হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক/ইলেকট্রনিক্স) ডিগ্রী। (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
২	সিনিয়র অডিওলজিস্ট-১টি	টা: ১১০০০-২০৩৭০/- (৯ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী সরাসরি: এমএসসি/এমডি ইন অডিওলজী অথবা এমবিবিএস ও ১ (এক) বৎসরের ট্রেনিং ইন অডিওলজি
৩	লিঙ্গুইস্টিক স্পেশালিস্ট-১টি	টা: ৬৪০০-১৪২৫৫/- (ডিপ্লোমা) (১১ নং স্কেল) টা: ৪৯০০-১০৪৫০/- (নন-ডিপ্লোমা) (১৫ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী সরাসরি: ডিপ্লোমা ইন স্পীচ থেরাপী/বয়েস থেরাপী/স্পীচ প্যাথলজি। যোগ্য প্রার্থী না পাওয়া গেলে এইচএসসি পাশ ও সংশ্লিষ্ট বিষয়ে ১ (এক) বৎসরের ট্রেনিং থাকতে হবে।
৪	লাইব্রেরিয়ান-১টি	টা: ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল)	The Bangladesh Health Services (Non-Medical Officers and Employee Recruitment). Rules 1985 এর ক্রমিক-১৩১ মোতাবেক।
৫	জুনিয়র অডিওলজিস্ট-১টি	টা: ৬৪০০-১৪২৫৫/- (ডিপ্লোমা) (১১ নং স্কেল) টা: ৪৯০০-১০৪৫০/- (নন-ডিপ্লোমা) (১৫ নং স্কেল)	খসড়া নিয়োগবিধি অনুযায়ী সরাসরি: অডিওলজিতে ডিপ্লোমা। উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে এইচএসসি পাশ ও সংশ্লিষ্ট বিষয়ে ১ (এক) বৎসরের ট্রেনিং থাকতে হবে।
৬	টেকনিশিয়ান (অডিও মেট্রিশিয়ান)- ২টি	টা: ৪৯০০-১০৪৫০ (১৫ নং স্কেল) (Non Diploma HSC Passed) টা: ৬৪০০-১৪২৫৫ (১১ নং স্কেল) (তিন বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতাঃ এইচএসসি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ১ (এক) বৎসরের ট্রেনিং সম্পন্ন অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/সার্টিফিকেটধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

